দৈনিক বাংলা

তারিখ 28 DEC 1990
পৃষ্ঠা 4 কলাম 6

39

## চট্টগ্রাম ভার্সিটি ভিসিকে অপসারণ করুনঃ শিবির

ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীনকে অপসারণের জন্য পুনরায় দাবী জানিয়েছে।

গতকাল বায়তুল মোকাররম উত্তর গেটে অনুষ্ঠিত এক সমাবেশে শিবির নেতৃবৃন্দ এ দাবী জানান। শিবিরের কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ আমিনুল ইসলাম, সেক্রেটারী জেনারেল আজম ওবায়দুল্লাহ, কেন্দ্রীয় ছাত্র আন্দোলন সম্পাদক মুজিবুর রহমান প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।

শিবির সভাপতি আমিনুল ইসলাম বলেন, দেশব্যাপী উৎখাত নির্মূলের রাজনীতি করে আর মুখে গণতন্ত্রের বুলি আউড়িয়ে যারা জনগণকে প্রতারিত করছে তারা গণতান্ত্রিক শক্তি নয়। তিনি দাড়ি ও টুপীধারী ব্যক্তিদের উপর পরিকল্পিত হামলার অভিযোগ করে বলেন, এসবের মাধ্যমে হামলাকারীদের ফ্যাসীবাদী চরিত্রই ফুটে উঠেছে।

সমাবেশ শেষে ছাত্র শিবিরের একটি বিক্ষোভ মিছিল বায়তুল মোকাররম থেকে বের হয়ে দৈনিক বাংলা, ফকিরাপুল, নয়া পল্টন, কাকরাইল বিজয়নগর হয়ে পুরানা পল্টন এসে শেষ হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।